গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.০৬.০০১.২২.৪০৯ তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ / ২১ আগস্ট ২০২২

**বিষয়: বেসরকারি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, মির্জাপুর, টাঙ্গাইলের একাডেমিক অনুমোদন নবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০৮-০৮-২০২২ খ্রি. তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস প্রতিষ্ঠা, আসন সংখ্যা বৃদ্ধি, নতুন কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, মির্জাপুর, টাঙ্গাইলের ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাডেমিক অনুমোদন নবায়ন করা হলো। **নিম্নোক্ত ঘাটতিসমূহ আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে আবশ্যিকভাবে পূরণ করে এ বিভাগকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:**

(১) মেডিকেল কলেজে আরও ৯৪,১৫৫ বর্গফুট ফ্লোরস্পেস বৃদ্ধি করতে হবে;
(২) মেডিকেল কলেজের নামে হাসপাতালের লাইসেন্স করতে হবে;
(৩) ফিজিওলজী, বায়োকেমিস্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফরেনসিক মেডিসিন, প্যাথলজি, মাইক্রোবায়োলজি, ফার্মাকোলজি বিভাগে আরও শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে;
(৪) টিউটোরিয়াল রুম বৃদ্ধি করতে হবে;
(৫) আরও ৭০,৫১,৬৪০/-(সত্তুর লক্ষ একান্ন হাজার ছয়শত চল্লিশ) টাকার স্থায়ী আমানত বৃদ্ধি করতে হবে;
(৬) লাইব্রেরীতে আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে।

২১.০৮.২০২২
(মাহবুবা বিলকিস)
উপসচিব
ফোন-৫৫১০০৬৯০
ই-মেইল: me2@mefwd.gov.bd

অধ্যক্ষ
বেসরকারি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ
মির্জাপুর, টাঙ্গাইল

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.০৬.০০১.২২.৪০৯ তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ / ২১ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
২। ডীন (ফ্যাকাল্টি অব মেডিসিন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৫। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০
৬। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৮। যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২১.০৮.২০২২
(মাহবুবা বিলকিস)
উপসচিব

D:\Medical College\Letter MCH (06-12-2020).docx